গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৬৮.২০২০.৪৩০

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮
২৩ জুন ২০২১

প্রেরক: মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব, স্থানীয় সরকার বিভাগ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেট নম্বর ৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলমান ২০২০-২১ অর্থ বছরে "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড-২২৪২৮৯২০০) বাস্তবায়নের জন্য অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগের ২০ মে ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.০২.০৬৮.২০২০.৩২৬ সংখ্যক সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে রংপুর সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| বাস্তবায়নকারি সংস্থার নাম ও কোড নম্বর | প্রকল্পের নাম ও কোড নম্বর | অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম | ঋণের অর্থের পরিমাণ | বিনিয়োগের অর্থের পরিমাণ | অনুদানের অর্থের পরিমাণ | আবর্তক খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| রংপুর সিটি কর্পোরেশন (কোড নম্বর: ১৩৭০১০১) | "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড-২২৪২৮৯২০০) | অনুমোদিত | ১ম-৪র্থ কিস্তি | - | - | - | ০.০০ লক্ষ টাকা | ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা | ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা |

এই ব্যয় বর্তমান (২০২০-২১) অর্থ বছরের সংশোধিত উন্নয়ন বাজেটের মঞ্জুরি নম্বর ৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নম্বর-১৩৭) "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড-২২৪২৮৯২০০) অর্থনৈতিক কোড নম্বর ৪১১১৩১৪, ৪১১১৩১৩, ৪১১২৩০৩, ৪১১২২০২, ৪১১২৩১৪, ৪১১১৩১৫, ৪১১২৩১৬ হতে বহন করা হবে।

২। উপর্যুক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংকের বর্হিভূত)।

৩। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারি বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

৪। এই আদেশ অর্থ বিভাগের ২৩ জুন ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৯৫.২০২১.২৬৩ নম্বর পত্রমূলে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে জারি করা হল। নিম্নোক্ত শর্তে এই অর্থ ছাড়করণে সম্মতি প্রদান করা হল:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন, ২০২১ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক ব্যয় করতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- পরবর্তী প্রস্তাবের সাথে এই প্রকল্পের ব্যাংক হিসাব বিবরণী প্রেরণ করতে হবে;
- প্রকল্প সংশ্লিষ্ট সকল টেন্ডার ই-জিপি'র মাধ্যমে বাস্তবায়ন করতে হবে;
- অর্থ বিভাগের ২৬/০৪/২০২১ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-২).২২৩ নং স্মারকের আলোকে ২০২০-২১ অর্থ বছরের অবশিষ্ট সময়ে প্রকল্পটির অনুকূলে নতুন কোন পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) এর কার্যাদেশ (Notification of Award) প্রদান করা যাবে না।

৫। এই বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে মাননীয় মেয়র, রংপুর সিটি কর্পোরেশন এই অর্থ উত্তোলন করতে পারবেন।

২৩/৬/২১

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

চলমান পাতা-

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৬৮.২০২০.৪৩০/১(১০) তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮
২৩ জুন ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর ।
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
৮. প্রকল্প পরিচালক, "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
৯. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জি.ও. টি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস নথি।

২৩/৬/২১

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-২ অনুবিভাগ, বাজেট-১১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০১৪.০১.০৫.০৯৫.২০২১-২৬৩

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮ / ২৩ জুন ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরের সংশোধিত উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পের অর্থ ছাড়করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আওতায় 'রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন' শীর্ষক প্রকল্প (কোড নম্বর-২২৪২৮৯২০০) এর অনুকূলে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত উন্নয়ন বাজেট বরাদ্দ হতে জিওবি খাতে ১ম-৪র্থ কিস্তির ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) (মূলধন খাতে ১৫০০.০০ লক্ষ এবং রাজস্ব খাতে ০.০০ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে ছাড়করণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০/০৬/২০২১ এর মধ্যে চালানযোগে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;
(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(ঘ) অনুমোদিত ডিপিপির অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন অনুযায়ী সকল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে;
(ঙ) চলতি ২০২০-২১ অর্থবছরের অবশিষ্ট সময়ে যে পরিমান অর্থ ব্যয় করা সম্ভব সে পরিমাণ অর্থের সরকারি আদেশ জারি করতে হবে;
(চ) অর্থ বিভাগের ২৬/০৪/২০২১তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-২)-২২৩ নং স্মারকের আলোকে ২০২০-২১ অর্থবছরের অবশিষ্ট সময়ে প্রকল্পটির অনুকূলে নতুন কোন পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) এর কার্যাদেশ **(Notification of Award)** প্রদান করা যাবে না।

২৩/০৬/২০২১
(লীজা খাজা)
উপসচিব
ফোনঃ ৯৫৫৭২০৩

১। সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপসচিব, সিটি কর্পোরেশন শাখা-২)

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ তলা, গেট: ৪), সেগুন বাগিচা, ঢাকা।
(উপর্যুক্ত সম্মতি পত্রের নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অর্থ বিভাগকে অবহিত করে সরকারী আদেশ জারি করা হলে তদনুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)।